

সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবিতে দিনব্যাপী ফ্রি মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) দিনব্যাপী ফ্রি মেডিকেল সেবা ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে। নোবিপ্রবি শহিদ মুহম্মদ মেডিকেল সেন্টারের সহযোগিতায় ড্রিমার্স কনসালটেশন অ্যান্ড রিসার্চ নোবিপ্রবির শিক্ষক, শিক্ষার্থী ও কর্মকর্তা, কর্মচারীদের বিনামূল্যে স্বাস্থ্য পরামর্শ ও পরীক্ষার জন্য এর আয়োজন করে। আজ বৃহস্পতিবার (২৭ ফেব্রুয়ারি ২০২৫) বিশ্ববিদ্যালয়ের বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়ামে আয়োজিত ওই ক্যাম্পের উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

এ উপলক্ষে আয়োজিত ‘হেল্থ অ্যাওয়ারনেস ফর বেটার লাইফ’ শীর্ষক আলোচনা সভায় নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, আজকের এই প্রোগ্রামে যারা আমাদের সাথে যোগ দিয়েছেন এবং যারা মেডিকেল চেকআপ ও চিকিৎসা সেবায় যুক্ত আছেন সবাইকে শুভেচ্ছা জানাচ্ছি। এই মেডিকেল ক্যাম্পে সকাল থেকেই বিনামূল্যে চিকিৎসা সেবা দেওয়া হচ্ছে। ব্রাহ্মণবাড়িয়া থেকে আগত নিউরোমেডিসিন বিশেষজ্ঞ ড. মোহাম্মদ ইলিয়াস এবং তার দল নোয়াখালীতে ক্যাম্প করে আমাদের বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদেরকে বিভিন্ন ধরনের ডায়াগনস্টিক এবং মেডিকেল চেকআপ বিষয়ক প্রশিক্ষণ দিয়েছেন। আমি বিশ্বাস করি আমাদের শিক্ষার্থীরা যারা প্রশিক্ষণ নিয়ে শিখেছে তারা এই জ্ঞান তাদের নিজেদের জীবনে কাজে লাগানোর পাশাপাশি প্রয়োজনীয় মুহুর্তে যারা অসুস্থ হবে তাদের ক্ষেত্রেও কাজে লাগাতে পারবে। আজকের এই ক্যাম্পের মাধ্যমে আমাদের শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীসহ সকলেই বিনামূল্যে মেডিকেল চেকআপ করার সুযোগ পাচ্ছেন। এক্ষেত্রে আমি নোবিপ্রবির পক্ষ থেকে এই ক্যাম্পের সাথে যুক্ত চিকিৎসকদের ধন্যবাদ জানাচ্ছি।

নোবিপ্রবি চিফ মেডিকেল অফিসার (অ্যাডমিন) অধ্যাপক ড. মোহাম্মদ মফিজুল ইসলামের সভাপতিত্বে সভায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক। এসময় আলোচক হিসেবে ছিলেন মেডিসিন এন্ড কগনিটিভ নিউরোলজি বিশেষজ্ঞ ড. মোহাম্মদ ইলিয়াস। সভায় আরো উপস্থিত ছিলেন ছাত্র পরামর্শ ও নির্দেশনা বিভাগের পরিচালক মোহাম্মদ নিজাম উদ্দিনসহ শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ। আলোচনা সভা শেষে নোবিপ্রবি উপাচার্য বিভিন্ন মেডিকেল ক্যাম্প পরিদর্শন করেন এবং চিকিৎসা সেবা নিতে আসা শিক্ষার্থীদের খোঁজ খবর নেন।



ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪